# বিপিএটিসি বার্তা

**একবিংশতিতম বর্ষ, ২য় সংখ্যা** **অক্টোবর - ডিসেম্বর ২০১৭**

## ১১৬তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি)

বাংলাদেশ সিভিল সার্ভিসে কর্মরত উপ-সচিব বা সমপর্যায়ের কর্মকর্তাদের পেশাগত মান উন্নয়নের লক্ষ্যে বিপিএটিসিতে Advanced Course on Administration and Development (ACAD) নিয়মিতভাবে অনুষ্ঠিত হয়ে থাকে। আগস্ট ২০১৭ হতে ১১৬তম এসিএডি শুরু হয়। উদ্বোধনী অনুষ্ঠানে বিপিএটিসির রেক্টর (সিনিয়র সচিব) ড. এম আসলাম আলম সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন।

কোর্সটির সমাপন ও সনদপত্র বিতরণ অনুষ্ঠান ৪ অক্টোবর ২০১৭ তারিখ অনুষ্ঠিত হয়। দুইমাস মেয়াদী এ কোর্সে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ৩৫ জন উপ-সচিব এবং সমপর্যায়ের সামরিক বাহিনীর ২ জন কর্মকর্তাসহ মোট ৩৭ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।




১১৬তম এসিএডি'র উদ্বোধনী অনুষ্ঠানে কেন্দ্রের রেক্টর (সিনিয়র সচিব) ড. এম আসলাম আলম (মাঝে), কোর্স উপদেষ্টা এমডিএস জনাব বণিক গৌর সুন্দর, কোর্স পরিচালক জনাব আবদুল বাকী, পরিচালক

বিপিএটিসির পরিচালনা পর্ষদ সদস্য (এমডিএস) জনাব বণিক গৌর সুন্দর কোর্সটিতে উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেন এবং পরিচালকের দায়িত্বে ছিলেন কেন্দ্রের মূল্যায়ন অনুবিভাগের পরিচালক জনাব তাহসিনুর রহমান। ড. মোঃ জহুরুল ইসলাম, উপ-পরিচালক ও বেগম নাসরিন আক্তার, মূল্যায়ন কর্মকর্তা কোর্সটিতে সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেন করেন।

## ১১৭তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি)

১১৭তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি) ০৮ অক্টোবর ২০১৭ তারিখে শুরু হয়। দুইমাস মেয়াদি এ কোর্সে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও দপ্তর হতে সরকারের ৩৬ জন উপ-সচিব এবং সমপর্যায়ের ০২ জন সামরিক বাহিনীর কর্মকর্তা অংশগ্রহণ করেন। অনানুষ্ঠানিক চা-চক্রের মাধ্যমে কেন্দ্রের রেক্টর ড. এম আসলাম আলম (সিনিয়র সচিব) কোর্সটির শুভ সূচনা করেন। ০৬ ডিসেম্বর ২০১৭ তারিখে কোর্সটি সমাপ্ত হয়।



১১৭তম এসিএডি'র সেশন পরিচালনায় কেন্দ্রের রেক্টর (সিনিয়র সচিব) ড. এম আসলাম আলম

কোর্সে উপদেষ্টা হিসেবে ছিলেন কেন্দ্রের পরিচালনা পর্ষদ সদস্য (এমডিএস) জনাব বণিক গৌর সুন্দর। কোর্স পরিচালকের দায়িত্বে ছিলেন ড. এস এম জোবায়ের এনামুল করিম, পরিচালক এবং কোর্স সমন্বয়কের দায়িত্বে ছিলেন জনাব মোঃ আবুল বাশার, উপ-পরিচালক ও জনাব মোস্তাক আহম্মেদ, উপ-পরিচালক।

## ৮৩তম সিনিয়র স্টাফ কোর্স

৮৩তম সিনিয়র স্টাফ কোর্স (এসএসসি) -এর উদ্বোধনী অনুষ্ঠান ১৭ সেপ্টেম্বর ২০১৭ তারিখ অনুষ্ঠিত হয়। সর্বমোট ৪৫ দিন মেয়াদী এ কোর্সে ৩২ জন যুগ্ম-সচিব পদমর্যাদার কর্মকর্তা অংশগ্রহণ করেন। কেন্দ্রের রেক্টর (সিনিয়র সচিব) ড. এম আসলাম আলম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কোর্সটির উদ্বোধন করেন। ৩১ অক্টোবর ২০১৭ তারিখে কোর্সটি সমাপ্ত হয়।



৮৩তম সিনিয়র স্টাফ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে কেন্দ্রের রেক্টর (সিনিয়র সচিব) ড. এম আসলাম আলম এবং কোর্স পরিচালক এমডিএস (অতিরিক্ত সচিব) জনাব রঞ্জিত কুমার সেন এনডিসি

এ কোর্সে উপদেষ্টা হিসেবে কেন্দ্রের রেক্টর (সিনিয়র সচিব) ড. এম আসলাম আলম দায়িত্ব পালন করেন। কোর্স পরিচালক হিসেবে এমডিএস (অতিরিক্ত সচিব) জনাব রঞ্জিত কুমার সেন এনডিসি এবং সমন্বয়ক হিসেবে জনাব মুহাম্মদ মসিউর রহমান, পরিচালক ও ড. মোঃ মিজানুর রহমান, পরিচালক দায়িত্ব পালন করেন।

## ৮৪তম সিনিয়র স্টাফ কোর্স

বাংলাদেশ সিভিল সার্ভিসে কর্মরত যুগ্ম-সচিব বা সমপর্যায়ের কর্মকর্তাদের নিয়ে কেন্দ্রে ৮৪তম সিনিয়র স্টাফ কোর্স ১১ ডিসেম্বর ২০১৭ তারিখে শুরু হয়। দেড়মাস মেয়াদী এ কোর্সে ২০জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। উদ্বোধনী অনুষ্ঠানে কেন্দ্রের রেক্টর (সিনিয়র সচিব) ড. এম আসলাম আলম উপস্থিত ছিলেন।



৮৪তম সিনিয়র স্টাফ কোর্সের সেশন পরিচালনায় কেন্দ্রের রেক্টর (সিনিয়র সচিব), ড. এম আসলাম আলম

এ কোর্সে উপদেষ্টা হিসেবে কেন্দ্রের রেক্টর (সিনিয়র সচিব) ড. এম আসলাম আলম দায়িত্ব পালন করেন। কোর্স পরিচালকের দায়িত্বে ছিলেন পরিচালনা পর্ষদ সদস্য (এমডিএস) ড. রিজওয়ান খায়ের এবং কোর্স সমন্বয়কের দায়িত্বে ছিলেন জনাব মোঃ জাহিদুল ইসলাম, পরিচালক ও ড. মোঃ জহুরুল ইসলাম, উপ-পরিচালক।




৮৪তম সিনিয়র স্টাফ কোর্সের সমাপন অনুষ্ঠানে স্মারক উন্মোচন করছেন কেন্দ্রের রেক্টর (সিনিয়র সচিব) ড. এম আসলাম আলম (মাঝে), কোর্স পরিচালক এমডিএস ড. রিজওয়ান খায়ের (ডানে) এবং প্রশিক্ষণার্থী বেগম সালিমা জাহান (বামে)

## অন্যান্য কোর্স

### 15th Policy, Planning and Management Course

15th Policy, Planning and Management Course ১২ নভেম্বর ২০১৭ তারিখে শুরু হয় এবং ২৩ নভেম্বর ২০১৭

তারিখে সনদপত্র বিতরণের মাধ্যমে সমাপ্ত হয়। কেন্দ্রের রেক্টর (সিনিয়র সচিব) ড. এম আসলাম আলম প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদপত্র বিতরণ করেন। ১২ দিন মেয়াদী এ কোর্সে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব পদমর্যাদার ১৭ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।



১৫তম PPMC'র উদ্বোধনী অনুষ্ঠানে কেন্দ্রের রেক্টর (সিনিয়র সচিব) ড. এম আসলাম আলম (বামে) এবং কোর্স পরিচালক ড. মোহাম্মদ আবু ইউসুফ, এমডিএস

এ কোর্সের উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেন কেন্দ্রের রেক্টর (সিনিয়র সচিব) ড. এম আসলাম আলম এবং কোর্স পরিচালকের দায়িত্ব পালন করেন পরিচালনা পর্ষদ সদস্য (এমডিএস) ড. মোহাম্মদ আবু ইউসুফ। কোর্স সমন্বয়কের দায়িত্ব পালন করেন জনাব মল্লিক সাঈদ মাহবুব, পরিচালক ও জনাব বি এম বেনজীর আহমেদ, উপ-পরিচালক।

## 3rd Special Foundation Training Course for Directorate of Registration (DoR) Officials

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে রেজিস্ট্রেশন পরিদপ্তরের ৩০ জন নবীন কর্মকর্তাদের জন্য বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স ১৫ অক্টোবর ২০১৭ তারিখ শুরু হয়ে ১৩ ডিসেম্বর ২০১৭ তারিখে সমাপ্ত হয়। উক্ত কোর্সের প্রিন্সিপাল উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেন কেন্দ্রের রেক্টর (সিনিয়র সচিব) ড. এম আসলাম আলম। গেস্ট অব্ অনার হিসেবে রেজিস্ট্রেশন পরিদপ্তরের মহাপরিদর্শক খান মোঃ আব্দুল মান্নান উপস্থিত ছিলেন।




৩য় SFTC'র উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন কেন্দ্রের রেক্টর (সিনিয়র সচিব) ড. এম আসলাম আলম, কোর্স উপদেষ্টা এমডিএস জনাব মোঃ জায়েদুল হক মোল্লা এনডিসি (বাম থেকে দ্বিতীয়), রেজিস্ট্রেশন পরিদপ্তরের মহাপরিদর্শক খান মোঃ আব্দুল মান্নান (বাম থেকে তৃতীয়) এবং কোর্স পরিচালক জনাব মোঃ গোলাম মেহেদী, পরিচালক (বাম থেকে চতুর্থ)

কোর্স উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেন কেন্দ্রের পরিচালনা পর্ষদ সদস্য (এমডিএস) জনাব মোঃ জায়েদুল হক মোল্লা এনডিসি। কোর্স পরিচালক হিসেবে জনাব মোঃ গোলাম মেহেদী, পরিচালক এবং সমন্বয়ক হিসেবে বেগম জাকিয়া সুলতানা, মূল্যায়ন কর্মকর্তা ও জনাব রবিউল আলম লোকমান, গবেষণা কর্মকর্তা দায়িত্ব পালন করেন।

## Training of Trainers (ToT) Course

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে ০৯-১২ অক্টোবর ২০১৭ মেয়াদে Training of Trainers (ToT) Course অনুষ্ঠিত হয়। ০৪ দিন মেয়াদি এ কোর্সে দেশের বিভিন্ন জাতীয় প্রশিক্ষণ প্রতিষ্ঠানের ২৮ জন প্রশিক্ষক কর্মকর্তা অংশগ্রহণ করেন।



ToT কোর্সের সমাপন অনুষ্ঠানে সনদ বিতরণ করছেন কেন্দ্রের রেক্টর (সিনিয়র সচিব) ড. এম আসলাম আলম এবং কোর্স উপদেষ্টা এমডিএস ড. রিজওয়ান খায়ের (ডানে)

এ কোর্সের প্রধান উপদেষ্টা হিসেবে কেন্দ্রের রেক্টর (সিনিয়র সচিব) ড. এম আসলাম আলম দায়িত্ব পালন করেন। কোর্স উপদেষ্টা হিসেবে পরিচালনা পর্ষদ সদস্য (এমডিএস) ড. রিজওয়ান খায়ের এবং কোর্স পরিচালক হিসেবে ড. মোঃ সানোয়ার জাহান ভূঁইয়া, পরিচালক দায়িত্ব পালন করেন। সমন্বয়কের দায়িত্বে ছিলেন জনাব  মোহাম্মদ তাজিব উদ্দিন, উপ-পরিচালক ও জনাব মোঃ মাসুদ আহমেদ, সহকারি পরিচালক।

## অন্যান্য সংবাদ

### ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর “মেমোরী অব দ্যা ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার” এ অন্তর্ভুক্তির উদ্‌যাপন উৎসব

কেন্দ্রে জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর “মেমোরি অব দ্যা ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার” এ অন্তর্ভুক্তির মাধ্যমে “বিশ্বপ্রামাণ্য ঐতিহ্য”র স্বীকৃতি লাভের এ অসামান্য অর্জনকে বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে ব্যাপক উৎসাহ, উদ্দীপনা ও উৎসবমুখর পরিবেশে উদ্‌যাপন করা হয়।




৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর “মেমোরি অব দ্যা ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার” এ অন্তর্ভুক্তির উদ্‌যাপন অনুষ্ঠানে বক্তব্য রাখছেন  কেন্দ্রের রেক্টর (সিনিয়র সচিব) ড. এম আসলাম আলম



প্রশিক্ষণার্থীদের একাংশ

এ উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচির মধ্যে ছিল - (ক) মহান স্বাধীনতা যুদ্ধের উপর নির্মিত “ওরা এগারো জন” চলচ্চিত্র প্রদর্শন (খ) আনন্দ শোভাযাত্রা (গ) সমাবেশ (ঘ) জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৭ই মার্চের ভাষণ সম্প্রচার (ঙ) সাংস্কৃতিক অনুষ্ঠান (চ) আতসবাজি প্রদর্শনী ও (ছ) ছাত্রছাত্রীদের অংশগ্রহণে রচনা, কুইজ এবং সাধারণ জ্ঞানের প্রতিযোগিতা।

### মহান বিজয় দিবস ২০১৭ উদ্‌যাপন

যথাযোগ্য মর্যাদায় বিপিএটিসিতে বিজয় দিবস ২০১৭ উদ্‌যাপন করা হয়। এ উদ্দেশ্যে কেন্দ্রে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়। কর্মসূচির মধ্যে ছিল (ক) বিপিএটিসি আলোক-সজ্জা এবং রঙিন পতাকায় সজ্জিতকরণ (খ) রেক্টরের নেতৃত্বে সাভার জাতীয় স্মৃতিসৌধে পুস্পস্তবক অর্পণ।




মহান বিজয় দিবসে জাতীয় স্মৃতিসৌধে পুস্পস্তবক অর্পণ করছেন কেন্দ্রের রেক্টর (সিনিয়র সচিব) ড. এম আসলাম আলম এবং পাশে এমডিএস ড. মোহাম্মদ আবু ইউসুফ  (বামে)

(গ) বিপিএটিসির কর্মচারী, চলমান সকল কোর্সের প্রশিক্ষণার্থী এবং বিপিএটিসি স্কুল এন্ড কলেজ এর শিক্ষক শিক্ষার্থীদের অংশগ্রহণে র‌্যালি (ঘ) বিপিএটিসি স্কুল এন্ড কলেজ-এর ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে বির্তক, চিত্রাঙ্কণ, আবৃত্তি এবং দেশাত্মবোধক গানের প্রতিযোগিতা এবং পুরস্কার বিতরণ (ঙ) বিপিএটিসি'র গ্রন্থাগারে মুক্তিযুদ্ধ কর্নার উদ্বোধন (চ) মহান বিজয় দিবস উপলক্ষে পি৬৫তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্যোগে দেওয়াল পত্রিকা প্রকাশ এবং রেক্টর কর্তৃক দেওয়াল পত্রিকার স্মারক উন্মোচন (ছ) রেক্টর কর্তৃক বিপিএটিসি'র মুক্তিযুদ্ধ গ্যালারি পরিদর্শন জ) মহান বিজয় দিবস-এর উপর প্রামাণ্যচিত্র ও ইউনেস্কোর "মেমোরি অব দ্য' ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার" এ অন্তর্ভুক্ত ৭ই মার্চের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ঐতিহাসিক ভাষণ প্রদর্শন (ঝ) বিপিএটিসি স্কুল অ্যান্ড কলেজ-এর ছাত্রদের অংশগ্রহণে প্রীতি ক্রিকেট ম্যাচ টি-২০ প্রতিযোগিতা (ঞ) বিপিএটিসি জামে মসজিদে বিশেষ মোনাজাত (ট) প্রীতি ফুটবল প্রতিযোগিতা (ঠ) আলোচনা সভা; প্রতিপাদ্য "বিজয় দিবসের তাৎপর্য"। আলোচক : ড. মোঃ ফরাশ উদ্দিন, প্রাক্তন গভর্ণর, বাংলাদেশ ব্যাংক এবং (ড) সাংস্কৃতিক অনুষ্ঠান।



মুক্তিযুদ্ধ গ্যালারী পরিদর্শনে কেন্দ্রের রেক্টর (সিনিয়র সচিব) ড. এম আসলাম আলম, পাশে এমডিএস ড. মোহাম্মদ আবু ইউসুফ (বামে) এবং অন্যান্য অনুষদবর্গ



মহান বিজয় দিবসে প্রত্যুষে পতাকা উত্তোলন করছেন এমডিএস জনাব মোঃ জায়েদুল হক মোল্লা এনডিসি, এমডিএস ড. মোঃ শাহাদৎ হোসেন মাহমুদ (ডান থেকে ১ম), এমডিএস ড. মোহাম্মদ আবু ইউসুফ (ডান থেকে ২য়), এমডিএস জনাব রঞ্জিত কুমার সেন এনডিসি, (ডান থেকে ৪র্থ), এমডিএস ড. রিজওয়ান খায়ের (ডান থেকে ৫ম) এবং এমডিএস জনাব বণিক গৌর সুন্দর


## সম্পাদনা পরিষদ

সভাপতি:

**ড. মোহাম্মদ আবু ইউসুফ**
এমডিএস (গবেষণা ও উপদেশনা)
বিপিএটিসি, সাভার

সদস্য:

**মোঃ শফিকুল হক**
পরিচালক (গবেষণা ও উন্নয়ন)
বিপিএটিসি, সাভার

সম্পাদক:

**মো: মোতাহের হোসাইন**
উপ-পরিচালক (এমআইএস)
বিপিএটিসি, সাভার

সহকারি সম্পাদক:

**মোহাম্মদ নজরুল ইসলাম**
সহকারি প্রকাশনা কর্মকর্তা
বিপিএটিসি, সাভার